১০

# বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন
# BANGLADESH SHIPPING AGENTS' ASSOCIATION

বিএসএএ/২০/২০২২/১১৬ তারিখ: ০৬-১১-২০২২

জনাব আহমেদ জামাল
ডেপুটি গভর্নর
বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়
মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা

**বিষয়: বাংলাদেশ ব্যাংক কর্তৃক শিপিং এজেন্টদের Foreign Remittance বাবদ বাংলাদেশ টাকায় প্রদানকালে নির্ধারিত ইউ এস ডলারের বিনিময় হার অপেক্ষা চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বিলে ধার্যকৃত উচ্চতর বিনিময় হারের তারতম্যের কারণে শিপিং এজেন্টদের বিশাল অংকের আর্থিক ক্ষতি হওয়া প্রসঙ্গে।**

সূত্র: অত্র এসোসিয়েশনের পত্র নং- বিএসএএ/২০/২০২২/১০৪ তারিখ ২৯-০৯-২০২২।

মহোদয়,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে দেশের আমদানি-রপ্তানি বাণিজ্যের ৯০%ও বেশি সমুদ্রপথে পণ্য পরিবহনের মাধ্যমে সম্পাদিত হয় এবং বাংলাদেশে কর্মরত অত্র এসোসিয়েশনভুক্ত শিপিং এজেন্টগণ উক্ত গুরু দায়িত্ব সম্পাদন করে থাকেন যার মাধ্যমে দেশে লক্ষ লক্ষ বৈদেশিক মুদ্রা অর্জন হয়। তাছাড়া, শিপিং এজেন্ট কর্তৃক পণ্য পরিবহনের সাথে সম্পৃক্ত যেমন আমদানিকারক, রপ্তানিকারক, ইত্যাদিও তাদের কর্ম সম্পাদনের ক্ষেত্রে সরকারি কোষাগারে বিভিন্ন খাতে নিয়মিতভাবে রাজস্ব পরিশোধ করে থাকেন।

বিদেশি প্রিন্সিপ্যাল কর্তৃক সেবা প্রদান বাবদ শিপিং এজেন্টদের নিকট পাঠানো Remittance খাতে বাংলাদেশ ব্যাংকের বর্তমান বিনিময় হার মোতাবেক প্রতি ইউ এস ডলারের বিপরীতে ৯৯.০০ টাকা হারে শিপিং এজেন্টদের প্রদান করা হয়। কিন্তু সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক দৈনিক জারীকৃত বিভিন্ন দেশের মুদ্রার সাথে বাংলাদেশ টাকার বিনিময় হারের তালিকার Spot Selling-B.C এর ভিত্তিতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ইউ এস ডলারের বিপরীতে বাংলাদেশ টাকায় শিপিং এজেন্টদের নিকট বিল দাখিল করে যা বর্তমানে ১০৬.০০ টাকার উর্দ্ধে। তাছাড়া, কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃকও প্রতি ইউ এস ডলারের বিপরীতে ১০৭.০০ টাকা বিনিময় হারের ভিত্তিতে শিপিং এজেন্টদের নিকট থেকে বিভিন্ন বিল আদায় করা হয়। ফলে বিনিময় হারের তারতম্যের ফলে শিপিং এজেন্টদের আয় অপেক্ষা ব্যয় অনেক বেশি হওয়ার কারণে তারা প্রতিনিয়ত সাংঘাতিকভাবে আর্থিক ক্ষতিগ্রস্থ হচ্ছে।

শিপিং এজেন্টদের বিশাল অংকের আর্থিক ক্ষতির বিষয়টি সদয় বিবেচনার লক্ষ্যে সূত্রোক্ত পত্রের মাধ্যমে (সংযুক্তি ক-ক/২) নিম্নবর্ণিত বিকল্প প্রস্তাব সমূহ পেশ করা হয়:

১। সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক দৈনিক জারীকৃত বিনিময় হারের তালিকায় ইউ এস ডলারের বিপরীতে নির্ধারিত হারের ভিত্তিতে (Spot Selling-B.C) বিদেশি প্রিন্সিপ্যাল কর্তৃক শিপিং এজেন্টদের বরাবরে প্রেরিত অর্থ দেশিয় মুদ্রায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক শিপিং এজেন্টদের প্রদান করা,

অথবা,

২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইউ এস ডলারের বিনিময় হার নির্ধারণ পূর্বক আদেশ জারী করা যা সংশ্লিষ্ট সকল পক্ষের উপর প্রযোজ্য।

এ প্রসঙ্গে সদয় অবগতির জন্য পুণরায় উল্লেখ করা যাচ্ছে যে ০১-১১-২০২২ তারিখ প্রকাশিত দৈনিক প্রথম আলো থেকে জানা যায় যে প্রবাসি পেশাজীবিদের পাঠানো আয় বা রেমিটেন্সের বিপরীতে স্থানীয় মুদ্রায় প্রদানের ব্যাপারে ৩১-১০-২০২২ তারিখ কেন্দ্রীয় ব্যাংকের সঙ্গে ব্যাংকের প্রধান নির্বাহীদের সংগঠন এবিবি এবং বৈদেশিক মুদ্রা লেনদেনকারী ব্যাংক গুলোর সংগঠন

Makkah Madinah Trade Centre (2nd Floor)
78, Agrabad C/A, Chattogram-4100, Bangladesh



+88-02333323393, 02333315509
bsaa@bbts.net

বাফেদা এর সভা অনুষ্ঠিত হয় (সংযুক্তি খ-খ/১)। উক্ত সভায় ব্যাংকের মাধ্যমে পাঠানো প্রবাসী পেশাজীবীদের আয় খাতে প্রতি ডলারের বিপরীতে ১০৭.০০ টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া, চিকিৎসক, ইঞ্জিনিয়ার, আইনজীবি ও সেবিকাদের আয় ব্যাংকের মাধ্যমে পাঠালেও ওয়েজ আর্নার্সদের মতো ডলার প্রতি সর্বোচ্চ ১০৭.০০ টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, দেশের আমদানি-রপ্তানি বাণিজ্যে শিপিং এজেন্টদের ভূমিকা, তাদের সেবার মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জন এবং দেশের অর্থনীতিতে তাদের অবদানের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা পূর্বক শিপিং এজেন্টদের প্রতিনিয়ত বিশাল অংকের আর্থিক ক্ষতি থেকে রক্ষা কল্পে তাদের বিদেশি প্রিন্সিপ্যাল কর্তৃক **Remittance** খাতে পাঠানো ডলার প্রতি ১০৭.০০ টাকা প্রদান অনুমোদন এবং এতদব্যাপারে প্রয়োজনীয় আদেশ জারী করার জন্য সবিনয় অনুরোধ করা হলো।

শ্রদ্ধান্তে,

(সৈয়দ মোহাম্মদ আরিফ)
চেয়ারম্যান

সংযুক্তি: ০৫ (পাঁচ) পাতা।

অনুলিপি: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে:

১। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম।
৫। মহা-ব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ, বিএসএএ।

Makkah Madinah Trade Centre (2nd Floor)
78, Agrabad C/A, Chattogram-4100, Bangladesh



+88-02333323393, 02333315509
bsaa@bbts.net

সংযুক্তি-ক

# বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন
# BANGLADESH SHIPPING AGENTS' ASSOCIATION

বিএসএএ/২০/২০২২/১০৪ তারিখ: ২৯-০৯-২০২২

জনাব আহমেদ জামাল
ডেপুটি গভর্নর
বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়
মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা

**বিষয়: বাংলাদেশ ব্যাংক কর্তৃক শিপিং এজেন্টদের Foreign Remittance বাবদ বাংলাদেশ টাকায় প্রদানকালে নির্ধারিত ইউ এস ডলারের বিনিময় হার অপেক্ষা চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বিলে ধার্যকৃত উচ্চতর বিনিময় হারের তারতম্যের কারণে শিপিং এজেন্টদের বিশাল অংকের আর্থিক ক্ষতি হওয়া প্রসঙ্গে।**

মহোদয়,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে দেশের বৈদেশিক বাণিজ্য তথা আমদানি-রপ্তানি বাণিজ্যের ৯০% এরও অধিক পণ্য সমুদ্রপথে পরিবাহিত হয়। দেশে কর্মরত শিপিং এজেন্টগণ সমুদ্র বন্দরের মাধ্যমে এককভাবে বিদেশি প্রিন্সিপ্যালদের সার্বিক সেবা সরবরাহ পূর্বক সমুদ্রপথে পণ্য পরিবহনের গুরু দায়িত্ব পালন করে থাকেন। ফলে দেশের বৈদেশিক বাণিজ্যে পণ্য পরিবহনে বিদেশি প্রিন্সিপ্যালদের সেবা সরবরাহ বাবদ বৈদেশিক মুদ্রা অর্জনে শিপিং এজেন্টদের ভূমিকা অতীব গুরুত্বপূর্ণ এবং তৈরি ও রপ্তানি পোশাক শিল্পের পরেই শিপিং এজেন্টদের অবস্থান অর্থাৎ তাদের অবস্থান দ্বিতীয়।

এ প্রসঙ্গে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ট্যারিফে অন্তর্ভুক্ত সর্বমোট ৬০টি ট্যারিফ আইটেমের মধ্যে নিম্নবর্ণিত খাতে মোট ২৫টি ট্যারিফ আইটেম ইউ এস ডলারে (US Dollar) নির্ধারিত:

| | | |
|---|---|---|
| TARIFF Sec-I | • Dues and Charges to the Account of the Owner or the Agent or the Charterer of the Vessel | ১০টি ট্যারিফ আইটেম |
| TARIFF Sec-III | • Charges for General Services | ৬টি ট্যারিফ আইটেম |
| TARIFF Sec-IV | • Containers | ৬টি ট্যারিফ আইটেম |
| | • ICD Part, Dhaka | ৩টি ট্যারিফ আইটেম |

উক্ত ট্যারিফ খাত সমূহের মাধ্যমে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের মোট আয়ের সিংহভাগ উপার্জন হয়। সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক দৈনিক জারীকৃত বিভিন্ন দেশের মুদ্রার সাথে বাংলাদেশ টাকার বিনিময় হারের তালিকার Spot Selling-B.C এর ভিত্তিতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ইউ এস ডলারের বিপরীতে বাংলাদেশ টাকায় শিপিং এজেন্টের নিকট বিল দাখিল করে। উদাহরণ স্বরূপ, সোনালী ব্যাংক লিমিটেড এর ২৯-০৯-২০২২ তারিখ জারীকৃত তালিকার Spot Selling-B.C মোতাবেক ২৯ সেপ্টেম্বর থেকে ০১ অক্টোবর, ২০২২ তারিখের জন্য কার্যকর ইউ এস ডলারের সাথে বাংলাদেশ টাকার বিনিময় হার ১০৬.৪৯ টাকা (সংযুক্তি-ক)।

প্রসঙ্গক্রমে আপনার সদয় ব্যক্তিগত দৃষ্টি আকর্ষণ পূর্বক উল্লেখ করা যাচ্ছে যে স্থানীয় শিপিং এজেন্টস কর্তৃক তাদের বিভিন্ন দেশের প্রিন্সিপ্যালদের সেবা সরবরাহ খাতের বিল পরিশোধ বাবদ বিদেশি প্রিন্সিপ্যাল থেকে দৈনিক শত শত কোটি ইউ এস ডলার বাংলাদেশে আসে এবং বৈদেশিক মুদ্রার উল্লেখযোগ্য অংশ বিদেশি প্রিন্সিপ্যালদের শিপিং এজেন্টস কর্তৃক সেবা সরবরাহ খাতে বাংলাদেশ সরকার প্রাপ্ত হয়। কিন্তু বাংলাদেশ ব্যাংকের বর্তমানে বিদ্যমান বিনিময় হার মোতাবেক প্রতি ইউ এস ডলারের বিপরীতে ৯৯.০০ টাকা হারে শিপিং এজেন্টদের পরিশোধ করা হয়। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বিলে ধার্যকৃত বিনিময় হার অপেক্ষা অনেক কম হারে বাংলাদেশ ব্যাংক শিপিং এজেন্টদের পাওনা পরিশোধ করে বিধায় তাদের আয় অপেক্ষা ব্যয় অনেক বেশি হওয়ার ফলে শিপিং এজেন্টগণ প্রতিনিয়ত সাংঘাতিকভাবে আর্থিক ক্ষতিগ্রস্থ হচ্ছে।

শিপিং এজেন্টদের অব্যাহত ক্ষতি সহানুভূতির সাথে বিবেচনার লক্ষ্যে বিদেশি প্রিন্সিপ্যালদের নিকট উপস্থাপন করা হলে তাঁরা এ ব্যাপারে দারুণ অসন্তোষ প্রকাশ করেন। তাঁদের মতামত মোতাবেক কোনো একটি সুনির্দিষ্ট বিষয়ে দুই ধরনের হার নির্ধারণ হতে পারে না এবং ফলে বিষয়টি তাদের নিকট বিবেচনাযোগ্য নহে। আর্থিক ক্ষতির বর্তমান প্রেক্ষাপট অব্যাহত থাকার কারণে অদূর ভবিষ্যতে শিপিং এজেন্টদের অস্তিত্ব হুমকির সম্মুখীন হবে।

Makkah Madinah Trade Centre (2nd Floor)
78, Agrabad C/A, Chattogram-4100, Bangladesh
+88-02333323393, 02333315509
bsaa@bbts.net

সংযুক্তি - ক/১



এমতাবস্থায়, শিপিং এজেন্টদের আর্থিক ক্ষতির বিষয়টি সুরাহা করার লক্ষ্যে সদয় বিবেচনার জন্য নিম্নবর্ণিত প্রস্তাব পেশ করা হলো:

১। সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক দৈনিক জারীকৃত বিনিময় হারের তালিকায় ইউ এস ডলারের বিপরীতে নির্ধারিত হারের ভিত্তিতে (Spot Selling-B.C) বিদেশি প্রিন্সিপ্যাল কর্তৃক শিপিং এজেন্টদের বরাবরে প্রেরিত অর্থ দেশিয় মুদ্রায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক শিপিং এজেন্টদের প্রদান করা,

অথবা,

২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইউ এস ডলারের বিনিময় হার নির্ধারণ পূর্বক আদেশ জারী করা যা সংশ্লিষ্ট সকল পক্ষের উপর প্রযোজ্য।

এমতাবস্থায়, শিপিং এজেন্টদের অব্যাহতভাবে বিশাল অংকের আর্থিক ক্ষতির বিষয়টি সহানুভূতির সাথে বিবেচনা পূর্বক তা সুরাহা করার লক্ষ্যে প্রয়োজনীয় আদেশ জারী করা জন্য সবিনয় অনুরোধ করা হলো।

শ্রদ্ধান্তে,

(সৈয়দ মোহাম্মদ আরিফ)
চেয়ারম্যান

সংযুক্তি: ০১ (এক) পাতা।

অনুলিপি: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে:
১। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম।
৫। মহা-ব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ, বিএসএএ।

Makkah Madinah Trade Centre (2nd Floor)
78, Agrabad C/A, Chattogram-4100, Bangladesh



+88-02333323393, 02333315509
bsaa@bbts.net

সংযুক্তি-ক/২

**SONALI BANK LIMITED**
**TREASURY MANAGEMENT DIVISION-1**
**(FRONT OFFICE), HEAD OFFICE, DHAKA**

"সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার সোনালী ব্যাংক হবে সবার"

HO:DEALING ROOM: www.sonalibank.com.bd
E-mail: dgmtmd@sonalibank.com.bd

CIRCULAR NO: 2022/182 (FOR USE OF AUTHORISED BRANCHES OF SONALI BANK LIMITED)

DATED: 29.09.2022 EFFECTIVE DATE: 29th SEPTEMBER to 1st OCTOBER, 2022

**NOTE: ACCORDING TO BAFEDA DECISION (MEETING HELD ON 11.09.2022), CREDIT CARD PAYMENT SETTLEMENT AND STUDENT FILE SETTLEMENT RATE WILL BE SAME AS CASH CURRENCY SELLING RATE.**

1. CROSS RATES IN TOKYO, HONGKONG EXCHANGE MARKET AS ON 29/09/2022 AT 09:16 A.M. (LOCAL)

| | US$ PER GBP 1.00 | US$ PER EUR 1.00 | CAD PER US$ 1.00 | CHF PER US$ 1.00 | JPY PER US$ 1.00 | AED PER US$ 1.00 |
|---|---|---|---|---|---|---|
| SELLING | 1.0796 | 0.9685 | 1.3659 | 0.9787 | 144.3400 | 3.6727 |
| BUYING | 1.0794 | 0.9681 | 1.3663 | 0.9791 | 144.3700 | 3.6735 |

2.a) SONALI BANK LTD DEALING RATES TO PUBLIC (B.TAKA FOR ONE UNIT OF FOREIGN CURRENCY)

| SPOT SELLING | | | SPOT BUYING | | |
|---|---|---|---|---|---|
| TT/OD | B.C. | CURRENCY | TT CLEAN | O.D. SIGHT EXPORT BILLS | O.D. TRANSFER |
| 106.4900 | 106.4900 | U.S.DOLLAR | 99.0000 | 99.0000 | 99.0000 |
| 117.2659 | 117.2659 | G.B.POUND | 106.5934 | 106.5934 | 106.5934 |
| 105.1983 | 105.1983 | EURO | 95.3627 | 95.3627 | 95.3627 |
| 78.3531 | 78.3531 | CANADIAN DOLLAR | 72.0962 | 72.0962 | 72.0962 |
| 110.9838 | 110.9838 | SWISS FRANC | 100.6077 | 100.6077 | 100.1021 |
| 0.7451 | 0.7451 | JAPANESE YEN | 0.6789 | 0.6789 | 0.6789 |
| 69.3612 | 69.3612 | AUSTRALIAN DOLLAR | 63.8214 | 63.8214 | 63.8214 |
| 13.9356 | 13.9356 | DANISH KRONE | 12.8248 | 12.8248 | 12.8248 |
| 13.5934 | 13.6341 | HONGKONG DOLLAR | 12.5489 | 12.5489 | 12.4858 |
| 9.9594 | 9.9594 | NORWEGIAN KRONE | 9.1642 | 9.1642 | 9.1642 |
| 9.4684 | 9.4967 | SWEDISH KRONA | 8.7386 | 8.7386 | 8.6947 |
| 74.3625 | 74.3625 | SINGAPORE DOLLAR | 68.4205 | 68.4205 | 68.4205 |
| 23.0453 | 23.0453 | MALAYSIAN RINGGIT | 21.1930 | 21.1930 | 21.1930 |
| 28.4256 | 28.4256 | SAUDI RIYAL | 26.1425 | 26.1425 | 26.1425 |
| 29.1400 | 29.1400 | UAE DIRHAM | 26.8150 | 26.8150 | 26.8150 |
| 344.7888 | 344.7888 | KUWAITI DINAR | 317.2464 | 317.2464 | 317.2464 |
| 29.4018 | 29.4018 | QATAR RIYAL | 26.7255 | 26.7255 | 26.7255 |
| 2.8083 | 2.8083 | THAI BAHT | 2.5834 | 2.5834 | 2.5834 |
| 14.8725 | 14.8725 | CHINESE YUAN | 13.6870 | 13.6870 | 13.6870 |

2.b) EXPORT BILL COLLECTION RATE AGAINST US$ 1 = TK. 99.0000

2.c) USANCE EXPORT BILL BUYING RATES (B. TAKA FOR ONE UNIT OF FOREIGN CURRENCY)

| | 30 DAYS DA | 60 DAYS DA | 90 DAYS DA | 120 DAYS DA | 180 DAYS DA |
|---|---|---|---|---|---|
| USD | 98.2878 | 97.7103 | 97.1328 | 96.5553 | 95.4003 |
| GBP | 105.8266 | 105.2046 | 104.5830 | 103.9612 | 102.7176 |
| EUR | 94.6766 | 94.1203 | 93.5640 | 93.0078 | 91.8952 |

PLEASE CONTACT OUR DEALING ROOM FOR D.A.BILL BUYING RATES FOR OTHER CURRENCIES.

| 2.d) | FORWARD RATE | 1 MONTH | 2 MONTHS | 3 MONTHS | 6 MONTHS |
|---|---|---|---|---|---|
| SELLING | U.S.DOLLAR | 106.8300 | 107.1211 | 107.3633 | 107.9763 |
| BUYING | U.S.DOLLAR | 99.3161 | 99.5667 | 99.8119 | 100.3817 |

2.e) PLEASE CONTACT US FOR FORWARD BOOKING: PHONE 0241051434

**3.a) SELLING AND BUYING RATES ON CASH FOREIGN CURRENCY AND T.Cs.**

| SELLING | | BUYING |
|---|---|---|
| 107.0000 | U.S.DOLLAR | 106.2500 |
| 84.0000 | SINGAPORE DOLLAR | 80.2000 |
| 112.5000 | EURO | 108.2000 |
| 25.0000 | MALAYSIAN RINGGIT | 24.0000 |
| 31.7000 | UAE DIRHAM | 30.2000 |
| 280.0000 | OMANI RIAL | 267.0000 |
| 1.4100 | INDIAN RUPEE | 1.3600 |
| 0.8500 | JAPANESE YEN | 0.7000 |
| 75.0000 | AUSTRALIAN DOLLAR | 70.0000 |
| 85.0000 | CANADIAN DOLLAR | 78.0000 |

| SELLING | | BUYING |
|---|---|---|
| 126.5000 | G.B.POUND | 121.1000 |
| 345.0000 | KUWAITI DINAR | 325.0000 |
| 107.0000 | USD. T.Cs | 106.2500 |
| 125.5000 | GBP. T.Cs | 121.1000 |
| 30.7000 | SAUDI RIYAL | 29.2000 |
| 278.0000 | BAHRANI DINAR | 266.0000 |
| 30.5000 | QATAR RIYAL | 29.0000 |
| 14.5000 | CHINESE YUAN | 12.0000 |
| 3.3500 | THAI BAHT | 3.1500 |

3.b) CASH SELLING AND BUYING RATES FOR ALL OTHER CURRENCIES WILL BE SAME AS T.T/O.D. SELLING AND O.D. TRANSFER BUYING RATE RESPECTIVELY MENTIONED UNDER SRL. NO.2(a) ABOVE.

4. OTHER INFORMATION: VALUE OF ISLAMIC DINAR & SDR IS SAME

ONE SDR = US$ 1.2719 = TK. 130.6814

| | | | |
|---|---|---|---|
| BOMBAY: | 28.09.2022 | IRS:RBI REF.RATE US$ 1=RS. | 81.9005 |
| MOSCOW: | 29.09.2022 | US$ 1 = RUSSIAN ROUBLE | 56.9000/58.9000 |
| LONDON: | 28.09.2022 | 6MONTH LIBOR | 4.1[illegible]986 12MONTH 4.77600 |

5. NOTIONAL RATE FOR BACK TO BACK L/C TK. 99.0000 PER USD.

(MD. IMRUL KAYES)
PRINCIPAL OFFICER
PHONE: 0241051434

(ROMENA AFROSE)
ASSISTANT GENERAL MANAGER
PHONE: 02223381434, 0241081434

(MOHAMMAD FAZLUL KABIR)
DEPUTY GENERAL MANAGER
PHONE: 02-47121416

ব্যাংক

# উচ্চ আয়ের পেশাজীবীরাও পাবেন ডলারের সর্বোচ দাম

নিজস্ব প্রতিবেদক

এখন থেকে সরাসরি ব্যাংকের মাধ্যমে উচ্চ আয়ের প্রবাসী পেশাজীবীদের পাঠানো প্রবাসী আয় বা রেমিট্যান্সের ক্ষেত্রে প্রতি ডলারে ১০৭ টাকা করে দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। একই সঙ্গে ব্যাংকগুলো আপাতত রেমিট্যান্স আহরণ বাবদ কোনো চার্জ বা মাশুলও নেবে না বলে জানা গেছে। সোমবার কেন্দ্রীয় ব্যাংকের সঙ্গে বৈঠক করে ব্যাংকের প্রধান নির্বাহীদের সংগঠন এবিবি ও বৈদেশিক মুদ্রা লেনদেনকারী ব্যাংকগুলোর সংগঠন বাফেদা। ওই বৈঠকে এমন সিদ্ধান্ত নেওয়া হয়।

ব্যাংকাররা জানান, এত দিন উচ্চ আয়ের পেশাজীবীরা দেশে প্রবাসী আয় পাঠালে ডলারের দাম পেতেন রপ্তানি আয়ের জন্য নির্ধারিত দরের সমান, ৯৯ টাকা ৫০ পয়সা। এতে তারা ব্যাংকের মাধ্যমে প্রবাসী আয় পাঠাতে নিরুৎসাহিত হচ্ছিলেন। এ কারণে তাদের জন্য ডলারের দাম বাড়িয়ে ১০৭ টাকা করা হয়েছে। বর্তমানে প্রবাসী আয়ে সর্বোচ্চ ডলারের দাম সর্বোচ্চ ১০৭ টাকা।

উচ্চ আয়ে পেশাজীবীদের পাঠানো প্রবাসী আয়ের ক্ষেত্রে ডলারের দাম বাড়ানোর পাশাপাশি ব্যাংকগুলোকে নিজস্ব উৎস থেকে ডলার সংস্থান করে ঋণপত্র বা এলসি খুলতে বলেছে বাংলাদেশ ব্যাংক।

বাংলাদেশ ব্যাংকের সভাকক্ষে অনুষ্ঠিত বৈঠকে উপস্থিত ছিলেন ডেপুটি গভর্নর আহমেদ জামাল ও কাজী ছাইদুর রহমানসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা। অন্যদিকে, ব্যাংকগুলোর পক্ষে অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশের (এবিবি) চেয়ারম্যান ও ব্র্যাক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) সেলিম আর এফ হোসেন, বাংলাদেশ ফরেন এক্সচেঞ্জ ডিলারস অ্যাসোসিয়েশনের (বাফেদা) চেয়ারম্যান ও সোনালী ব্যাংকের এমডি আফজাল করিম, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের এমডি সৈয়দ মাহবুবুর রহমান, সিটি ব্যাংকের এমডি মাসরুর আরেফিন প্রমুখ।

আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) প্রতিনিধি দলের ঢাকা সফরের মধ্যে সোমবার হঠাৎ করেই এ বৈঠক ডাকা হয় বলে জানা গেছে।

বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুসারে ওয়েজ আর্নার হিসেবে সব প্রবাসীর সমান রেমিট্যান্স দর পাওয়ার কথা। কিন্তু গত সেপ্টেম্বর মাসে মুদ্রার বিনিময় হার বাজারের ওপর ছেড়ে দেওয়া হলে হোয়াইট কলার বলে পরিচিত চিকিৎসক, ইঞ্জিনিয়ার, আইনজীবী, ব্যাংকার, নার্সসহ উচ্চ আয়ের পেশাজীবীদের ক্ষেত্রে বিনিময় হার কমিয়ে ধরে

সং: যুক্ত - ৫/১

ব্যাংকগুলো। সে সময় থেকে এ ধরনের পেশাজীবীদের পাঠানো প্রবাসী আয়ে ডলারের দাম রপ্তানি বিলের সমান হারে অর্থাৎ ৯৯ টাকা ৫০ পয়সা ধরা হচ্ছিল। তবে এক্সচেঞ্জ হাউসগুলো তাদের ভালো দর দিত।

অন্যদিকে ব্যাংকগুলো বর্তমানে এক্সচেঞ্জ হাউস থেকে ডলার কেনার ক্ষেত্রে ১০৭ টাকা করেই দাম দিচ্ছিল। এতে করে ব্যাংকের মাধ্যমে অর্থ পাঠাতে অনেকে নিরুৎসাহিত হচ্ছে। এ রকম বাস্তবতায় উভয় ক্ষেত্রে ডলারের অভিন্ন দর দিতে বলেছে কেন্দ্রীয় ব্যাংক। এর ফলে এখন থেকে চিকিৎসক, ইঞ্জিনিয়ার, আইনজীবী ও সেবিকাদের আয় ব্যাংকের মাধ্যমে পাঠালেও ওয়েজ আর্নার্সদের মতো সর্বোচ্চ ১০৭ টাকা দর দেওয়া হবে।

পাশাপাশি বিদেশি এক্সচেঞ্জ হাউজ নির্ভরতা কমিয়ে সরাসরি ব্যাংকের মাধ্যমে প্রবাসী আয় আহরণ উৎসাহিত করতে দেশের বাইরে নিজস্ব এক্সচেঞ্জ হাউজ বাড়াতে বলা হয়েছে বৈঠকে। এ ক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তা দেবে বলে জানিয়েছে কেন্দ্রীয় ব্যাংক।

একই সঙ্গে ডলার সংকটের এ সময়ে আনুষ্ঠানিক চ্যানেলে প্রবাসী আয় পাঠানোকে উদ্বুদ্ধ করতে কোনো ধরনের চার্জ বা মাশুল না নিতে বলা হয়েছে বৈঠকে। ব্যাংকগুলোও এসব সিদ্ধান্ত কার্যকরের প্রতিশ্রুতি দিয়েছে।

### নিজস্ব উৎস থেকে ডলার সংস্থানের পরামর্শ

জানা গেছে, সোমবারের বৈঠকে ঋণপত্র বা এলসি খোলার বিষয়েও আলোচনা হয়েছে। বর্তমানে ব্যাংকগুলো ডলার সংকটের কারণে এলসি খুলতে সমস্যায় পড়ছিল। এ জন্য বৈদেশিক মুদ্রার রিজার্ভ থেকে ডলার সহায়তার অনুরোধ জানায় ব্যাংকগুলো।

তবে সোমবারের বৈঠকে বাংলাদেশ ব্যাংক বলেছে, নিজস্ব উৎস থেকে ডলার সংস্থান করেই কেবল এলসি খুলতে হবে। দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভের বর্তমান বাস্তবতায় সামগ্রিকভাবে কোনো সহায়তা দেওয়া হবে না। কেবলমাত্র সরকারি জরুরি পণ্য আমদানিতে রিজার্ভ থেকে ডলার দেওয়া হবে।